

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২০৬

२२/ शिकात (کتاب الصید)

পরিচ্ছেদঃ ২২/২. শিকারী কুকুর এবং কৃষিক্ষেত ও পশুপাল পাহারায় নিয়োজিত কুকুর ব্যতীত অন্যান্য কুকুর পোষা নিষিদ্ধ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَة، حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَد، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنس، عَنْ يَزِيدَ بْنِ خُصَيْفَة، عَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ، عَنْ سُفْيَانَ بْنِ أَبِي زُهَيْرٍ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ - صلى الله عليه وسلم - يَقُولُ " مَنِ اقْتَنَى كَلْبًا لاَ يُغْنِي عَنْهُ زَرْعًا وَلاَ ضَرْعًا نَقَصَ مِنْ عَمَلِهِ كُلَّ عَلَهٍ وَيرَاطُ " . فَقِيلَ لَهُ أَنْتَ سَمِعْتَ مِنَ النَّبِيِّ - صلى الله عليه وسلم - قَالَ إِي وَرَبِّ هَذَا الْمَسْجِد .

#### বাংলা

৩/৩২০৬। সুফিয়ান ইবনে আবূ যুহাইর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি কুকুর পোষে এবং তা তার কৃষিক্ষেত বা মেষপাল পাহারায় প্রয়োজন হয় না, তার আমল থেকে প্রতিদিন এক কীরাত পরিমাণ হ্রাস পায়। সুফিয়ান (রাঃ) কে জিজ্ঞেস করা হলো, আপনি কি সরাসরি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনেছেন? তিনি বলেন, হ্যাঁ, এই মসজিদের প্রতিপালকের শপথ।

### **English**

It was narrated that Sufyan bin Abu Zuhair said:

"I heard the Prophet (ﷺ) say: 'Whoever keeps a dog that he does not need for farming or herding, one Qirat will be deducted from his (good) deeds each day.'"

## ফুটনোট



সহীহুল বুখারী ২৩২৩, ৩৩২৫, মুসলিম ১৫৭৬, নাসায়ী ৪২৮৫, আহমাদ ২১৪০৬, ২১৪১১, মুয়াত্তা মালেক ১৮০৭, দারেমী ২০০৫।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. খালিদ বিন মাখলাদ আল-কাতওয়ানী সম্পর্কে আবু আহমাদ বিন আলী আল জুরজানী বলেন, ইনশাআল্লাহ্ আমার আমার নিকট তার ব্যাপারে কোন সমস্যা নেই। আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। ইমাম যাহাবী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীল হিসেবে গ্রহণযোগ্য হবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৬৫২, ৮/১৬৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সুফইয়ান ইবনু আবু যুহায়র (রাঃ)

₱ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44170

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন